
International Labour Organization

কোভিড-১৯ মহামারীর সময় এবং পরবর্তী কালে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার সক্ষমতা তৈরী।

কোভিড-১৯ নির্দেশিকা এবং কার্যক্রম সমূহের তালিকা

পোশাক কারখানা ও পরিচালকদের জন্য



# ব্যয় হ্রাস করা

কোভিড-১৯ প্রাদুর্ভাবকালীন সময়ে তৈরি পোশাক প্রস্তুতকারীদের কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার ক্ষেত্রে, এই নির্দেশিকাটি কারখানা পরিচালকদের কারখানার কার্যক্রমের এর উপর আর্থিক তারল্য, নগদ অর্থ প্রবাহের চাপ কমানোর জন্য ব্যয় হ্রাস করতে সহায়তা করবে।

## সূচনা

অন্তর্ভুক্ত: ব্যয়ের জন্য স্প্রেডশিট ছক, কার্যক্রমের তালিকা

এই নির্দেশিকায়ঃ

- মহামারী চলাকালীন কেন খরচ ব্যবস্থাপনা করা অপরিহার্য।
- তৈরি পোশাকশিল্পে খরচের প্রকারভেদ
- ৮ টি উপায়ে কারখানাগুলো সামাজিকভাবে দায়িত্বপূর্ণ পদ্ধতিতে ব্যয় কমাতে পারেG

## ১. মহামারী চলাকালীন সময়ে খরচ ব্যবস্থাপনা করা কেন জরুরী

অর্ডার বাতিল হওয়ার সাথে সাথে কম টাকা আদায় হওয়ার ফলে কোভিড-১৯ প্রাদুর্ভাব এর সময় আপনার কারখানাকে একটি কঠিন আর্থিক অবস্থার সম্মুখীন করতে পারে। আপনার কারখানার আর্থিক চাপগুলি বহুমুখী হতে পারে। আপনার অর্ডার করা পন্য যেমন ফেব্রিক, ট্রিম বা প্যাকেজিং এর জন্য সরবরাহকারী প্রতিষ্ঠান যে চালান প্রদান করবে তা দেয়া সম্ভব না হলে একটি কঠিন অবস্থা তৈরী হবে। এফওবি এর মত কারখানাগুলি, যারা নিজেরাই ফ্যাব্রিক সংগ্রহ করছে, বিশেষত তারা এই আর্থিক চাপের মুখোমুখি হয়।

> কোভিড-১৯ মহামারীর সময় এবং পরবর্তী কালে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার সক্ষমতা তৈরী।



এই সময়ে তারল্য সংকটের কারণে কর্মীদের বেতন প্রদান করা কঠিন হবে। আরও একটি সমস্যা হলো পানি, বিদ্যুৎ বা গ্যাসের পরিষেবা বিল পরিশোধ করা।অদূর ভবিষ্যতে যেখানে আপনাকে ব্যবসার সুরক্ষার জন্য  অন্যান্য ব্যয়গুলি হ্রাস করার  প্রয়োজন হতে পারে, সেখানে কোভিড -১৯ মহামারীর কারণে দীর্ঘ মেয়াদে আপনার কার্যক্রম পরিচালনার খরচ কমে আরও সাশ্রয়ী করার সুযোগ সৃষ্টি হতে পারে।

এই নির্দেশিকার পরামর্শগুলো আপনাকে একটি সামাজিকভাবে দায়বদ্ধ থেকে  ব্যয় হ্রাস করতে সহায়তা করবে। এ কাজগুলোর মাধ্যমে গার্মেন্টস পরিচালকরা  পরিশেষে  যা করতে পারেন, সেগুলো হলো:

- কারখানার কার্যকমে পরিচালনায় মনোনিবেশ করা এব র্যকলাপ পরিচালনার দিকে মননিবেশ করা এবং দীর্ঘমেয়াদে কারখানার উপর চাপ হ্রাস করা
- কোভিড -১৯  প্রাদুর্ভাবের সময় এবং পরবর্তীকালে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার সক্ষমতা তৈরী করা ; এবং
- সময়ের সাথে সাথে তাদের প্রতিযোগিতামূলক মনোভাব বাড়ান।

## □. তৈরি পোশাক শিল্পখাতের ব্যয়সমূহ ভাগ করা

যে কোন পদক্ষেপ নেওয়ার আগে আপনার খরচগুলো কী তা জানা গুরুত্বপূর্ণ এবং মহামারী চলাকালীন সময়ে এইগুলো আপনার ব্যবসায় এবং কারখানা পরিচালনার ক্ষেত্রে কিভাবে প্রভাব ফেলতে পারে তাও জানা প্রয়োজন। । পোশাক  উৎদনকারীদের ব্যয়ের  বিভিন্ন ধরণের খাত রয়েছে।  সাধারণত এইগুলোকে  প্রধান তিনটি  শ্রেণীতে  বিভক্ত করা যায়:

**উপকরণের ব্যয়:** কাঁচামাল বা উপকরণ সরবরাহকারী প্রতিষ্ঠানের ধরণের  উপর নির্ভর করে, যেমন; পরিবহন খরচ ছাড়া/ সম্পূর্ণ প্যাকেজ (এফওবি) বা কাট-মেক-ট্রিম (সিএমটি), কারখানাগুলি উৎপাদনে ব্যবহৃত উপকরণগুলির জন্য ব্যয় বা খরচ বহন করতে পারেG

**শ্রমিকের খরচ**: প্রক্রিয়ায় সাথে জড়িত শ্রমিকদের মজুরি, যেমন অপারেটর।

**পরিচালনা ব্যয়:** কারখানা পরিচালনার জন্য প্রয়োজনীয় খরচ, তবে এটি উৎদন প্রক্রিয়ার সাথে সরাসরি  সম্পৃক্ত  নয়, যেমন; ভাড়া এবং পরিষেবামূলক খরচ।

কারখানার সামগ্রিক ব্যয়গুলো  নির্দিষ্ট এবং পরিবর্তনশীল ব্যয়ে ভাগ করা যায় ;

**নির্দিষ্ট ব্যয়** গুলো উৎপাদনের পরিমান পরিবর্তনের উপর নির্ভর করে কম বা বেশী  হয় না।  প্রতি মাসে আপনার কারখানায় যে পরিমানেই উৎপাদন হোক না কেন আপনার নির্দিষ্ট  খরচ একই থাকবে। নির্দিষ্ট খরচের মধ্যে রয়েছে যেমন উদাঃ কারখানার বিল্ডিংয়ের ভাড়া, সম্পত্তি কর, বীমা, নিরাপত্তা, মেশিন ও সরঞ্জামের ব্যয়, কমপ্লায়েন্স ব্যয় ইত্যাদি।

**পরিবর্তনশীল ব্যয়গুলো** বিপরীতভাবে সরাসরি আপনার কারখানার উৎপাদন হ্রাস / বৃদ্ধির সাথে জড়িত।  পরিবর্তনশীল ব্যয়গুলির মধ্যে রয়েছে , যেমন, আপনার শ্রমিকদের মজুরি, পরিষেবা বিল, রাসায়নিক দ্রব্য ইত্যাদি।

এছাড়াও ব্যয়গুলো কারখানার অবস্থান, কারখানার নিজের উপর এবং এটি যে ধরণের সোর্সিং এর সাথে কাজ করছে তার উপরও নির্ভর করে।যে সব কারখানা তাদের নিজস্ব কাপড় ক্রয় করে, তাদের ব্যয়ের  সাধারণত প্রায় দুই-তৃতীয়াংশ উপকরণের জন্য ব্যয় হয় যেখানে  শ্রমিক এবং পরিচালনার জন্য ব্যয় হয়,প্রত্যেকটির জন্য ছয় ভাগের এক ভাগ । নিচে দেখানো হয়েছে;


**কোন খাতে আপনার কারখানায় বেশী খরচ হয়**

যেসব পোশাক উৎদনকারী প্রতিষ্ঠান সিএমটি মডেলের অধীনে কাজ করে এবং তাদের গ্রাহকদের সরবরাহিত উপকরণ ব্যবহার করে, তাদের শ্রমিকদের  জন্য প্রায় ৫০ থেকে ৬০ শতাংশ ব্যয় হয় অন্যদিকে পরিচালনার জন্য ব্যয় ৩০ থেকে ৪০ শতাংশের মধ্যে থাকে (নীচে দেখানো হয়েছে)।  অবশিষ্ট ১০ শতাংশ  আনুষাঙ্গিক পন্য যেমন  থ্রেড, সূঁচ এবং জিপার ইত্যাদির জন্য ব্যয় হয়।

**এফ ও বি মডেল কারখানার খরচের  বিভিন্ন খাত**




**Cost breakdown of a typical CMT model factory**




## ৩. কাজ শুরু করার প্রস্তুতি

এখন আপনার পোশাক কারখানা পরিচালনা করার বিভিন্ন ব্যয় পর্যালোচনা করেছেন পরবর্তী অংশে কারখানার ব্যয় ব্যবস্থাপনা করার এবং সামাজিকভাবে দায়বদ্ধ  থেকে কিভাবে সেগুলো বাস্তবায়ন করা যায় তার কিছু বাস্তব পদক্ষেপ উল্লেখ করা হলো ।

কোভিড-১৯ মহামারীর সময় এবং পরবর্তী কালে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার সক্ষমতা তৈরী।



# সামাজিক দায়বদ্ধতার সাথে ৮ টি পদক্ষেপের মাধ্যমে কারখানাগুলো ব্যয় কমাতে পারে।

**০১ আপনার খরচ পর্যালোচনা করুন**
ব্যয়ের একটি স্পষ্ট,বিস্তারিত চিত্র তৈরি করুন।

**০২ সহজে ব্যয় কমানো যায় এমন কাজের প্রতি গুরুত্ব দিন**
যে ব্যয়গুলো আপনি সহজেই এবং দ্রুত কমাতে পারেন সেগুলো চিহ্নিত করুন।

**০৩ কম গুরুত্বপূর্ণ কাজগুলো বাদ দিন**
অপ্রয়োজনীয় কাজে খরচ কমিয়ে ফেলুন

**০৪ উপকরণের ব্যয় হ্রাস করুন**
উপকরণ এবং কাপড়ের ক্ষেত্রে সঞ্চয় করার চেষ্টা করুন।

**০৫ সুচিন্তিত উপায়ে এবং নতুন করে আপনার সংরক্ষনাগার রক্ষনাবেক্ষণ করুন।**
কম পন্য রাখার চেষ্টা করুন এবং বিকল্প উপায় সংরক্ষণ করার চেষ্টা করুন।

**০৬ কারখানা পরিচালনা ব্যয় কমানোর উপায় অনুসন্ধান করুন**
মাসিক ব্যয় হ্রাস করুন এবং ভাড়ার মতো নির্দিষ্ট খরচ নিয়ে দর কষাকষি করুন।

**০৭ শ্রমিকদের উপর এর প্রভাব হ্রাস করুন**
লে-অফ ছাড়া অন্য বিকল্প উপায় গুলো চিন্তা করুন এবংকর্মীদের অবহিত রাখুন।

**০৮ একে অপরকে সহায়তা করুন**
অন্যান্য কারখানা, সমিতি এবং শিল্পের সাথে জড়িত অন্যান্যদের সাথে একসাথে কাজ করুন

# ক্ষপগুলো কার্যকর করা: কারখানার কার্য তালিকা

## ১. আপনার খরচ পর্যালোচনা করুন

আপনার আর্থিক হিসাব নিকাশ গুলো দেখার জন্য কিছু সময় নিয়ে শুরু করুন। আপনি যদি ব্যয়ের খাতগুলো সম্পর্কে না জানেন তবে আপনি ব্যয় হ্রাস করতে পারবেন না।

**প্রয়োজনীয় পরামর্শ:** আপনার ব্যয় এর হিসাবগুলো সুবিন্যস্ত করার জন্য সংযুক্ত ব্যয়ের ওয়ার্কশিট ছকটি (ডানদিকে) ব্যবহার করুন।

Factory_Cash_Flow_Template.xlsx

| কার্যক্রম | সহজে বাস্তবায়নযোগ্য | সময়কাল | যাচাই করুন ✓ |
|---|---|---|---|
| আপনার নির্দিষ্ট ব্যয়গুলো পর্যালোচনা করার জন্য, নিম্নলিখিত প্রশ্নগুলি বিবেচনা করে আর্থিক হিসাব নিকাশ দেখুন:<br>▶ উৎপাদন খরচ থেকে আলাদা খরচ গুলো আমরা প্রতি মাসে নিয়মিত কীভাবে ব্যয় করব?<br>▶ প্রতিটি ক্ষেত্রে আমরা মাসে কত টাকা ব্যয় করি? | ✓✓✓ | »»» স্বল্প মেয়াদী | ☐ |
| পরিবর্তনশীল ব্যয়গুলো পর্যালোচনা করার জন্য, নিম্নলিখিত প্রশ্নগুলি বিবেচনা করে আপনার আর্থিক হিসাব নিকাশ দেখুন:<br>▶ উৎপাদনের সাথে কোন কোন খরচ পরিবর্তি হয়? উপরে উল্লেখ করা হয়েছে, এটি আপনার শ্রমিকদের মজুরি, ইউটিলিটি বা রাসায়নিক দ্রব্য ইত্যাদি ক্ষেত্রে হতে পারে.<br>▶ এরপর, আপনাকে প্রতিটি পণ্যের জন্য কত টাকা ব্যয় হয় তা জানতে হবে। | ✓✓✓ | »»» স্বল্প মেয়াদী | ☐ |

## ২. সহজ কমানো যায় এমন কাজের প্রতি গুরুত্ব দিন

দ্বিতীয় পদক্ষেপ হিসাবে, আপনার কারখানায় যাতে দ্রুত লাভবান হতে পারে সে দিকে মনোনিবেশ করব। এর জন্য, আপনি সহজেই বাদ দিতে পারবেন বা তাৎক্ষণিকভাবে হ্রাস করতে পারবেন, সে কাজ গুলো চিহ্নিত করুন।

| কার্যক্রম | সহজে বাস্তবায়নযোগ্য | সময়কাল | যাচাই করুন ✓ |
|---|---|---|---|
| আপনার আর্থিক বিবরণীতে বা পূরণ করা ছকে, এমন ব্যয়গুলি চিহ্নিত করুন যা আপনার কারখানার পরিচালনা করার জন্য অপরিহার্য নয় কিন্তু কিছু কম গুরুত্বপূর্ণ কার্যক্রমের সাথে যুক্ত আছে। এই খরচগুলির মধ্যে সরঞ্জামাদি, অফিসের উপকরণ ইত্যাদির ব্যয় অন্তর্ভুক্ত থাকতে পারে। | ✓✓✓ | »»» স্বল্প মেয়াদী | ☐ |
| যত তাড়াতাড়ি সম্ভব ব্যয়গুলো হ্রাস বা বন্ধ করার একটি উপায় বের করুন। | ✓✓ | »»» স্বল্প মেয়াদী | ☐ |

## ৩। কম গুরুত্বপূর্ণ কাজগুলো বাদ দিন

যেসব কাজ অতীতে লাভজনক ছিল না সেগুলো প্রয়োজন হলে বাদ দিন।

| কার্যক্রম | সহজে বাস্তবায়নযোগ্য | সময়কাল | যাচাই করুন ✓ |
|---|---|---|---|
| আপনার পন্যের লাইন এবং এর সাথে সম্পৃক্ত কার্যক্রম লাভজনক কিনা তা পর্যালোচনা করুন। | ✓✓✓ | »»» স্বল্প মেয়াদী | ☐ |
| আপনার পণ্যের লাইনগুলি দেখুন (টপস, বটমস জ্যাকেট, টি-শার্ট ইত্যাদি) এবং প্রতিটি অর্ডারের জন্য প্রত্যেক পন্যের ক্ষেত্রে আয় হিসাব করুন।<br>গত ছয় মাসে অন্য পন্যের মতো লাভজনক হয়নি এমন পণ্যের লাইন এবং কার্যক্রম বাদ দিন, এবং তা করতে দ্বিধা বোধ করবেন না। আপনি যত দেরিতে ব্যবস্থা নিবেন, এই সঙ্কট থেকে মুক্তি পাওয়া তত কঠিন হয়ে উঠবে। | ✓✓ | »»» »»» মধ্য মেয়াদী | ☐ |

## ৪। উপকরণের ব্যয় হ্রাস করুন

আপনার কারখানা যদি তাদের নিজস্ব কাপড় ক্রয় করে, খুব সম্ভব আপনার মোট মাসিক ব্যয়ের একটি উল্লেখযোগ্য অংশ এ ক্ষেত্রে ব্যয় হয়। আপনি কারখানার কাজ চালু রাখতে বা পুনরায় কাজ শুরু করতে চাইলে উপকরণের ব্যয় হ্রাস করতে প্রাধান্য দিতে হবে।

| কার্যক্রম | সহজে বাস্তবায়নযোগ্য | সময়কাল | যাচাই করুন ✓ |
|---|---|---|---|
| নির্দ্বিধায় পন্যের মূল্যছাড় চাইবেন। সবসময় সেরা মূল্য পেতে দর কষাকষি করবেন। | ✓✓✓ | »»» স্বল্প মেয়াদী | ☐ |
| উপকরণ সংগ্রহ করার সময় বেশ কয়েকটি সরবরাহকারীদের (উদাহরণস্বরূপ পাঁচ পর্যন্ত) কোটেশন পাঠাতে বলুন। | ✓✓ | »»» স্বল্প মেয়াদী | ☐ |
| আপনার উৎপাদন প্রকিয়ায় বিভিন্ন উপাদানের অপচয় কমানোর কৌশলগুলি দেখুন (উদাঃ আপনার কাটিং রুমের কার্যক্রমগুলো দেখুন – নিয়ম অনুযায়ী কাপড় বসানো, মার্কারের দক্ষতার শতকরা বৃদ্ধি %, ফ্যাব্রিকের ব্যবহার শতকরা বৃদ্ধি% ইত্যাদি)) | ✓ | »»» স্বল্প মেয়াদী | ☐ |
| পণ্যর গুণগতমান না কমিয়ে বিকল্প (কিছুটা কমদামী) কাপড় ব্যবহার করতে পারেন কি না তা বিবেচনা করুন। | ✓✓ | »»» »»» মধ্য মেয়াদী | ☐ |
| মতৈক্যের ভিত্তিতে আপনার উপাদান এবং সুতা সরবরাহকারীদের সাথে দীর্ঘমেয়াদী সম্পর্ক তৈরি করুন। একটি ভাল সম্পর্ক আপনার এবং সরবরাহকারীদের জন্য একটি লাভজনক পরিস্থিতি তৈরি করবে, এতে আপনি বিভিন্ন উপকরণ কম দামে পেতে সক্ষম হবেন এবং সরবরাহকারীরা দীর্ঘমেয়াদী গ্রাহক পাবে। | ✓ | »»» »»» »»» দীর্ঘ মেয়াদী | ☐ |

## ৫। সুচিন্তিত উপায়ে এবং নতুন করে আপনার সংরক্ষনাগার পরিচালনা করুন

**কোভিড -□□** এর সময়ে, অনেক গার্মেন্টস কারখানার ক্রয়াদেশে বাতিল বা স্থগিত অবস্থায় আছে। এর ফলে অনেক উপকরণ অব্যবহৃত অবস্থায় পড়ে আছে। এর সময় উপকরণ কেনাও যেখানে ব্যয়বহুল , এর সাথে কর্মী, বীমা, মজুদ রাখা, বিদ্যুৎ এবং রক্ষণাবেক্ষণের বাড়তি ব্যয় সময়ের সাথে সাথে বাড়বে।

| কার্যক্রম | সহজে বাস্তবায়নযোগ্য | সময়কাল | যাচাই করুন ✓ |
|---|---|---|---|
| আপনার সংরক্ষণগারটি সু-সংগঠিত করে রাখুন। এটি আপনার কার্যক্রমগুলোকে আরও দক্ষ করে তুলবে এবং দামী উপকরণগুলির ক্ষতি এড়িয়ে অপ্রয়োজনীয় ব্যয় হ্রাস করতে সহায়তা করবে। | ✓✓✓ | »»» স্বল্প মেয়াদী | ☐ |
| যে অর্ডার বাতিল হয়েছে সেগুলোর অবশিষ্ট কোন উপকরণ যদি থাকে, তাহলে আপনি কিভাবে এই উপকরণগুলি নষ্ট না করে ব্যবহার করতে পারেন সে বিষয়ে আপনার ক্রেতাদের সাথে আলোচনা করুন। চুক্তি টি এ ক্ষেত্রে পরিবর্তন হতে পারে, তবে এই বিশেষ সময়ে টিকে থাকার জন্য আপনার ক্রেতাদের কাছ থেকে সর্বাধিক সুবিধা (অনুমোদিত ৩% বা ৫% এর চেয়ে বেশি চালান) পাওয়ার জন্য চাপ দেওয়া উচিত। | ✓✓ | »»» স্বল্প মেয়াদী | ☐ |
| আপনি যদি অবশিষ্ট উপাদানগুলো পুনরায় ব্যবহার করতে না পারেন তবে এটি অন্য পদ্ধতিতে পুনর্ব্যবহার করার বিষয়টি বিবেচনা করুন। বিভিন্ন প্রচার মাধ্যমে বর্তমান সময়ে উপকরণগুলি অন্য পদ্ধতিতে পুনর্ব্যবহার করার সুযোগ রয়েছে। আপনার দেশের বিদ্যমান সুযোগগুলো সম্পর্কে পোশাক সমিতির সাথে কথা বলুন (স্থানীয় বাজারের জন্য পণ্য উৎপাদন করুন তবে প্রথমে বিধিবিধানগুলো যাচাই করুন) | ✓✓ | »»» »»» স্বল্প মেয়াদী | ☐ |
| আপনি যদি নিজেদের ফ্যাব্রিকটি পুনরায় ব্যবহার বা অন্য পদ্ধতিতে পুনর্ব্যবহার করতে না পারেন তবে এটি পরিবেশ বান্ধব উপায়ে ফেলার চেষ্টা করুন, কারণ এটি আপনার সংরক্ষণাগারে জায়গা নিবে এবং সময়ের সাথে সাথে আপনার প্রচুর অর্থ ব্যয় হবে। | ✓✓ | »»» »»» স্বল্প মেয়াদী | ☐ |
| এমন পদ্ধতি ব্যবহার করা শুরু করুন, যা আপনাকে সবচেয়ে ভাল মানসম্পন্ন সংরক্ষনাগার পরিচালনা করতে সাহায্য করবে। যেমন জেআইটি (জাস্ট-ইন-টাইম) এবং / অথবা ইওকিউ (ইকোনোমিক অর্ডার কোয়ানটিটি)। | ✓ | »»» »»» »»» স্বল্প মেয়াদী | ☐ |

## ৬. কারখানা পরিচালনা ব্যয় কমানোর উপায় অনুসন্ধান করুন

আপনার কার্যক্রম সীমিত বা এমনকি স্থগিত থাকা সত্ত্বেও ,আপনাকে এখনও আপনার নির্দিষ্ট খাতের জন্য ব্যয় করতে হবে। সময় নিয়ে আপনার নির্দিষ্ট খাতের জন্য ব্যয় গুলো নিয়ে পুনরায় দর কষাকষি করুন। উভয়ই স্বল্পমেয়াদী সমাধানের খোঁজ করুন, যেমন সাময়িকভাবে আপনার ভাড়া কমানো বা স্থগিত করা, পাশাপাশি আরও দীর্ঘ-মেয়াদী সমাধান ও চিন্তা করুন।

| কার্যক্রম | সহজে বাস্তবায়নযোগ্য | সময়কাল | যাচাই করুন ✓ |
|---|---|---|---|
| বিদ্যুৎ, পানি এবং গ্যাস কম ব্যবহার করে আপনার পরিষেবার খরচগুলো কমিয়ে নিন (যেমন সরাসরি মোটর চালিত মেশিনগুলো ব্যবহার করুন, পুশ বা পা দিয়ে চালিত ট্যাপগুলি যথাযথভাবে ব্যবহার করুন, খালি ঘরে লাইট বন্ধ রাখুন, প্রাকৃতিক আলোর জন্য স্বচ্ছ ছাদ স্থাপন করুন ইত্যাদি) | ✓✓ | ››› স্বল্প মেয়াদী | ☐ |
| ভাড়া পুনর্বিবেচনা করতে বা অস্থায়ীভাবে ভাড়া স্থগিত করার জন্য আপনার জমির মালিকের সাথে যোগাযোগ করুন। | ✓ | ››› স্বল্প মেয়াদী | ☐ |
| আপনার বীমা সরবরাহকারীদের আরো ভাল প্রস্তাব রয়েছে কিনা সে সম্পর্কে জানুন। | ✓ | ››› স্বল্প মেয়াদী | ☐ |
| আপনার পোশাক সমিতির কাছে সরকারী কর এবং অন্যান্য সরকারী কর্মসূচি / ভর্তুকি সম্পর্কিত নির্দেশনা সম্পর্কে জানতে চান, যা এই মহামারীর প্রাদুর্ভাবের সময় শুরু হয়েছে। | ✓✓ | ››› স্বল্প মেয়াদী থেকে মধ্য মেয়াদী | ☐ |
| আপনার ব্যাঙ্কের সাথে কথা বলে দেখুন যে তারা কম সুদের হারে তাদের আর্থিক সেবা যেমন ধার বা ঋনপত্র প্রদান করে কিনা। | ✓ | ››› ››› মধ্য মেয়াদী | ☐ |

## ৭. শ্রমিকদের উপর প্রভাব হ্রাস করুন

কোভিড-১৯ প্রাদুর্ভাবের কারণে আপনার কর্মশক্তি হ্রাস করতে হতে পারে। যদি এমন হয় তবে নিশ্চিত করুন যে আপনি এটি সামাজিক দায়বদ্ধতার সাথে করেছেন। লে-অফ আপনার শ্রমিকদের জন্য মারাত্বক ক্ষতিকর পরিণতি নিয়ে আসবে এবং আপনি কীভাবে যতদূর সম্ভব এই ক্ষতির পরিমান কমাতে পারবেন তা বিবেচনা করুন। কোভিড-১৯ প্রাদুর্ভাব চলাকালীন সময়ে দায়িত্বশীলতার সাথে শ্রমিক ছাঁটাই করতে হবে সে সম্পর্কে আরো নির্দেশনার জন্য, এখানে ক্লিক করুন। here.

| কার্যক্রম | সহজে বাস্তবায়নযোগ্য | সময়কাল | যাচাই করুন ✓ |
|---|---|---|---|
| কোন ছাঁটাই করার আগে বা আনুপাতিক হারে কার্যক্রম কমানোর আগে আপনার কী ধরণের সম্ভাবনা আছে সে সম্পর্কে আপনার পোশাক সমিতির পরামর্শ নিন। | ✓✓✓ | ››› স্বল্প মেয়াদী | ☐ |
| সব ক্ষেত্রেই, ব্যবসা প্রতিষ্ঠানকে জাতীয় আইন ও বিধিমালার পাশাপাশি আন্তর্জাতিক শ্রম মানদন্ড মেনে চলতে হবে। | ✓✓✓ | ››› স্বল্প মেয়াদী | ☐ |
| ছাঁটাই সম্পর্কিত কোন পদক্ষেপ নেওয়ার আগে শ্রমিকদের সাথে আলোচনা করুন। | ✓✓✓ | ››› স্বল্প মেয়াদী | ☐ |
| শ্রমিক প্রতিনিধিদের প্রাসঙ্গিক তথ্য প্রদান করুন এবং তাদের সাথে চুক্তির ইস্তফা এড়ানোর জন্য ব্যবস্থা এবং এর খারাপ প্রভাব কমানোর জন্য আলোচনায় করুন। | ✓✓✓ | ››› স্বল্প মেয়াদী | ☐ |
| নিশ্চিত করুন যেন আপনার কারখানায় সরকারী ব্যবস্থা, সামাজিক সুরক্ষা এবং শ্রমিকদের সহায়তা সম্পর্কে তথ্য থাকে এবং শ্রমিকদের কাছে এই তথ্য পৌঁছ দিন। | ✓✓✓ | ››› স্বল্প মেয়াদী | ☐ |

## ৮। একে অপরকে সহায়তা করুন

অন্যান্য কারখানা এবং আপনার সমিতিগুলির সাথে একসাথে কাজ করলে তা আপনার ব্যয় হ্রাস করতে সহায়তা করবে এবং ব্র্যান্ড, সরকার এবং শিল্পের অন্যান্য অংশীদারদের কাছে এই শিল্পের একটি সার্বজনীন অবস্থা তুলে ধরবে।

কোভিড -১৯ মহামারী আপনার কারখানার পাশাপাশি আপনার সমমানের কারখানাগুলোকেও কঠিন পরিস্থিতির সম্মুখীন করবে।

এখন পারস্পরিক নির্ভরতার মাধ্যমে কাজ করার সময়, এবং এই খাতটির জন্য অন্যান্য কারখানার সাথে একত্রে কাজ করে এই সঙ্কট কাটিয়ে উঠার সময়।

| কার্যক্রম | সহজে বাস্তবায়নযোগ্য | সময়কাল | যাচাই করুন ✓ |
|---|---|---|---|
| আপনার সমমানের কারখানার অবস্থা বুঝার জন্য এবং তাদের সাথে কিভাবে একত্রে কাজ করতে পারেন তা জানার জন্য তাদের সাথে যোগাযোগ করুন। | ✓✓✓ | ››› স্বল্প মেয়াদী | ☐ |
| বিভিন্ন উপকরণ যৌথভাবে কেনার চেষ্টা করুন এতে কম দামে কিনতে সক্ষম হবেন। | ✓✓ | ››› স্বল্প মেয়াদী | ☐ |
| কারখানার অবশিষ্ট কাপরসহ বাতিল করা অর্ডারগুলোর প্রভাব কমানোর জন্য, যদি সম্ভব হয় তবে একে অপরের কাছ থেকে উপকরণ এবং উপকরণের প্রক্রিয়া ক্রয় করুন। | ✓✓ | ››› স্বল্প মেয়াদী | ☐ |
| নিজেদের প্রয়োজন অনুযায়ী সরঞ্জাম একে অপরের সাথে বিনিময় করার সুযোগ সন্ধান করুন। | ✓✓ | ››› ››› মধ্য মেয়াদী | ☐ |
| আপনার দেশের পোশাক খাতকে প্রতিযোগিতামূলক এবং স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনা প্রচেষ্টা শক্তিশালী করতে আপনাদের পোশাক সমিতির সাথে একসাথে কাজ করুন। | ✓✓✓ | ››› ››› মধ্য মেয়াদী | ☐ |

আইএলও এন্টারপ্রাইজ বিভাগ, সুইডেন সরকারের অর্থায়নে, **ডিসেন্ট ওয়ার্ক ইন দা গার্মেন্ট সেক্টর সাপ্লাই চেইন ইন এশিয়া** প্রকল্পের জন্য এই নির্দেশিকাটি তৈরি করেছে।

কোভিড-১৯ মহামারীর সময় কার্যক্রম পরিচালনা করার জন্য আরো নির্দেশনাবলী এবং তথ্য পেতে দেখুন;

▶ ilo.org/covid19


**Decent Work Technical Support Team for East and South-East Asia and the Pacific**

United Nations Building, 10th Floor

Rajdamnern Nok Avenue,

Bangkok 10200, Thailand

Tel.: 662 288 1234 Fax. 662 288 3058

Email: BANGKOK@ilo.org


DECENT WORK

A better world starts here.